সংবাদ

6 APR 2003

পটুয়াখালী বি. ও প্র. বিশ্ববিদ্যালয়

# অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট চলছে

**বরিশাল থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** বাংলাদেশ জাতীয়তাবাদী দলের একনিষ্ঠ সমর্থক হিসেবে পরিচিতি লাভকারী পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ. হান্নান ভুঁইয়ার আচরণে ক্ষুব্ধ হয়ে ছাত্রদলের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট শুরু হয়েছে।

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা সার্ক ট্যুরসহ অপরাপর দাবি আদায়ের লক্ষ্যে ধর্মঘট শুরু করেছে। ছাত্রদল নেতৃবৃন্দ অভিযোগ করেন, বর্তমান উপাচার্য এক বছর আগে দায়িত্বভার গ্রহণ করলেও বিশ্ববিদ্যালয়ের কোন উন্নয়ন করতে পারেননি। ছাত্রদলের নেতৃত্বে গঠিত ছাত্রঐক্য সংগ্রাম পরিষদ উপাচার্যের ব্যর্থতা উল্লেখ করে ইতোপূর্বে সভা, সমাবেশ করেছে। এমনকি বরিশাল এসে সংবাদ সম্মেলন করেছে। অবশ্য বা.কৃ.বি অধিভুক্ত সমাপনী পর্বের চূড়ান্ত পরীক্ষা ও বিশ্ববিদ্যালয়ের ৩য় সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষার পরীক্ষার্থীদের ধর্মঘটের আওতামুক্ত রাখা হয়েছে।

উল্লেখ্য, উপাচার্য হান্নান ভুঁইয়া ইতোপূর্বে মরহুম জিয়াউর রহমানের ডাকে ভাষা আন্দোলন হয়েছে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাজা বোমা পাওয়ার পর আওয়ামী লীগ বোমা রেখেছে বলে তথ্য দিয়ে আলোচিত ব্যক্তি হিসেবে পরিচিতি লাভ করেন।